

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৭৬

পর্ব-১১: হজ (এшыл)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - কুরবানীর দিনের ভাষণ, আইয়্যামে তাশরীক্বে পাথর মারা ও বিদায়ী তাওয়াফ করা

### আরবী

وَعَنْهَا قَالَتْ

: أَفَاضَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ آخِرِ يَوْمِهِ حِينَ صَلَّى الظُّهْرَ ثُمَّ رَجَعَ إِلَى مِنَّ آخِرِ يَوْمِهِ حِينَ صَلَّى الظُّهْرَ ثُمَّ رَجَعَ إِلَى مِنَّى فَمَكَثَ بِهَا لَيَالِيَ أَيَّامِ التَّشْرِيقِ يَرْمِي الْجَمْرَةَ إِذَا زَالَتِ الشَّمْسُ كُلَّ جَمْرَةٍ بِسَبْعِ مِنَى فَمَكَثَ بِهَا لَيَالِيَ أَيَّامِ التَّشْرِيقِ يَرْمِي الْجَمْرَةَ إِذَا زَالَتِ الشَّمْسُ كُلَّ جَمْرَةٍ بِسَبْعِ حَصَيَاتٍ يُكَبِّرُ مَعَ كُلِّ حَصَاةٍ وَيَقِفُ عِنْدَ الْأُولَى وَالتَّانِيَةِ فَيُطِيلُ الْقِيَامَ وَيَتَضَرَّعُ وَيَرْمِي التَّالِثَةَ فَلَا يَقِفُ عِنْدَهَا. رَوَاهُ أَبُو دَاوُد

#### বাংলা

২৬৭৬-[১৮] উক্ত রাবী ['আয়িশাহ্ (রাঃ)] হতে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম যুহরের সালাত (সালাত/নামাজ/নামায) আদায়ে পর দিনের শেষ বেলায় তাওয়াফে ইফায়াহ্ সম্পন্ন করেন। তারপর তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) আবার মিনায় ফিরে এলেন এবং সেখানেই আইয়ামে তাশরীকের দিনগুলো অবস্থান করলেন। এ দিনগুলোতে তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) সূর্যাস্তের পর জামারায় সাতটি করে পাথর মারতেন। প্রত্যেক পাথর মারার সাথে সাথে 'আল্লা-হু আকবার' বলতেন। আর প্রথম ও দ্বিতীয় জামারার নিকট দীর্ঘ সময় দাঁড়িয়ে অপেক্ষা করতেন ও আল্লাহর কাছে (অনুনয়-বিনয় করে) প্রার্থনা করতেন। কিন্তু তৃতীয় জামারায় (পূর্বের ন্যায় পাথর মারার পর) অপেক্ষা করতেন না। (আবু দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : তবে (حین صلی الظهر) অংশটুকু ব্যতীত। আবূ দাউদ ১৯৭৩, আহমাদ ২৪৯২, ইরওয়া ১০৮২।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَفَاضَ رَسُوْلُ اللَّهِ ﷺ مِنْ أَخِرِ يَوْمِه) এর অর্থ হল রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাওয়াফে ইফাযাহ্ করেছেন ইয়াওমুন্ নাহরের শেষাংশে।



وَيْنَ صَلَّى الظُّهْرَ) এর থেকে বুঝা যায় তিনি যুহরের সালাত (সালাত/নামাজ/নামায) আদায় করেছেন মক্কায় যা পূর্বোক্ত জাবির (রাঃ) কর্তৃক লম্বা হাদীস দ্বারা প্রমাণিত। আরো বুঝা যায় তিনি তাওয়াফ করেছিলেন সূর্য ঢলে যাওয়ার পর এমনকি সালাতুয্ যুহরের পর, কেননা হাদীসের শব্দ হলো (من اخريومه) তথা কুরবানীর দিনের শেষ ভাগে যা এটাই প্রমাণ করে যদি এটা পূর্বে বর্ণিত ইবনু 'উমার সহ অন্যান্যদের বর্ণিত হাদীসের সাথে সাংঘর্ষিক যেখানে বলা হয়েছে (انه طَاق قبل الظهر) তথা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাওয়াফ করেছেন যুহরের সালাতের পূর্বে।

'আল্লামা ত্বীবী (রহঃ) বলেন,

افاض يوم النحر من منى الى مكة حين صلى الظهر، فيقيد انه صلى الظهر بمنى ثم افاض وهو خلاف ماثبت في الأحاديث لابفاقها على انه صلى الظهر بعد الطواف مع اختلافها انه صلاها بمكة او بمنى.

অর্থাৎ- রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরবানীর দিন মিনা থেকে যুহরের সালাত আদায় করে মক্কা অভিমুখী হন।

এখান থেকে বুঝা যায়, রাসুলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম যুহরের সালাত মিনাতেই আদায় করেছেন, তারপর ইফাযাহ্ করেছেন আর এ বর্ণনাটি অনেক হাদীসের বিপরীত যেখানে এ ব্যাপারে ঐকমত্য পোষণ করা হয়েছে যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম যুহরের সালাত তাওয়াফের পরই আদায় করেছেন যদি এ ব্যাপারে মতবিরোধ রয়েছে যে, যুহরের সালাত তিনি মক্কায় আদায় করেছেন না মিনাতে আদায় করেছেন।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন